

## 37684 - যে ব্যক্তি হুশ হারিয়ে ফেলে তার রোযা পালন

### প্রশ্ন

যে ব্যক্তি epilepsy রোগে (এমন রোগ যার কারণে রোগী মাবোমধ্যে অল্প সময়ের জন্য হুশ হারিয়ে ফেলে) আক্রান্ত তার উপর কি রোযা রাখা আবশ্যিক?

### প্রিয় উত্তর

হ্যাঁ। যে ব্যক্তি রমযান মাসে অজ্ঞান থাকে তার উপরও রোযা আবশ্যিক। অজ্ঞান হওয়ার কারণে তার উপর থেকে রোযা মওকুফ হবে না।

শাইখ বিন বায (রহঃ) কে জিজ্ঞেস করা হয়েছিল:

জনৈক ব্যক্তির কয়েক ঘন্টার জন্য হুশ থাকে না; তার উপর কি রোযা রাখা আবশ্যিক?

তিনি জবাব দেন: যদি কয়েক ঘন্টার জন্য তার হুশ না থাকে তাহলে তার উপর রোযা রাখা আবশ্যিক। সেই ব্যক্তি যেন কিছু সময়ের জন্য ঘুমিয়ে থাকা ব্যক্তির মত। দিনের কিছু সময় কিংবা রাতের কিছু সময় তার হুশ না থাকা তার উপর রোযা আবশ্যিক হওয়ার ক্ষেত্রে কোন প্রতিবন্ধক নয়।[ফাতাওয়াস শাইখ বিন বায (১৫/২১০)]

কিন্তু যদি গোটা দিন অজ্ঞান অবস্থায় কাটে (ফজর উদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত); তাহলে তার রোযা সঠিক হবে না। এই দিনটির রোযা কাযা পালন করা তার উপর আবশ্যিক হবে। আর যদি দিন থাকতে হুশ ফিরে পায় তাহলে তার রোযাটি সঠিক। দেখুন: 9245 নং ও 12425 নং প্রশ্নোত্তর।